# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**22 APRIL 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

(১) কেন্দ্রীয় লোকসেবা আয়োগের ২০২৪ সালের সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার ফলাফল আজ ঘোষণা/ নগাঁওয়ের ভাস্বত শইকিয়ার ৪৭৪ তম স্থান লাভ/

(২) আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য রাজনৈতিক দলগুলির প্রচার অভিযান জোরদার/ বরাক উপত্যকার তিন জেলায়ও প্রচার অভিযান ক্রমশঃ জোরদার/

(৩) এক দেশ এক নির্বাচন সংক্রান্ত বিষয়ে আজ সংসদের যুগ্ম সমিতির এক বৈঠক অনুষ্ঠিত/

এবং

(৪) পরিবেশ সংরক্ষণ এবং জলবায়ু পরিবর্তনের প্রতি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে আজ সমগ্র দেশের সঙ্গে আসামেও বিশ্ব ধরিত্রী দিবস পালন/

---

কেন্দ্রীয় লোকসেবা আয়োগের ২০২৪ সালের সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার ফলাফল আজ ঘোষণা করা হয়েছে । এবারের পরীক্ষায় ৭২৫জন পুরুষ এবং ২৮৪জন মহিলা সহ মোট এক হাজার নয়জন প্রার্থী উত্তীর্ণ হয়েছেন । এই তালিকার শীর্ষ পাঁচটি স্থানে তিনজন মহিলা এবং দুজন পুরুষ প্রার্থী রয়েছেন । এবারের পরীক্ষায় শক্তি দুবে প্রথম, হর্ষিতা গোয়েল দ্বিতীয় এবং ডোংগ্রে আর্শিত পরাগ তৃতীয় স্থান দখল করেছেন । কেন্দ্রীয় লোকসেবা আয়োগ বিগত বর্ষের সেপ্টেম্বর মাসে সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার লিখিত পরীক্ষা সমূহ এবং এবছরের জানুয়ারি থেকে এপ্রিল মাসের মধ্যে সাক্ষাৎকারের আয়োজন করেছিল । উল্লেখ্য- আসাম থেকে নগাঁওয়ের ভাস্বত শইকিয়া

এই পরীক্ষায় ৪৭৪ তম স্থান লাভ করেছেন । ভাস্বত এর আগে ২০২৩ বর্ষের এই পরীক্ষায়ও ৫৫২ নম্বর স্থান লাভ করেছিল ।
এবিষয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করে ভাস্বত বলেন---
বাইট----

---

রাজ্যে আগামী দোসরা এবং সাতই মে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান অব্যাহত রয়েছে । প্রার্থীরা ভোটারদের আকর্ষিত করার উদেশ্যে স্থানে স্থানে প্রচারসভা, র‍্যালি ইত্যাদির আয়োজন করছেন । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা, বিজেপি'র রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া, কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি'র প্রবীন নেতা সর্বানন্দ সনোয়াল, অসম গণপরিষদ দলের সভাপতি অতুল বরা প্রমুখ নিজ নিজ দলের প্রার্থীদের সমর্থনে নির্বাচনী প্রচার চালাচ্ছেন । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ চরাইদেউ জেলার লাকুয়াতে একটি জনসভায় অংশ নেন । রাজ্য বিজেপি সভাপতি দিলীপ শইকিয়া বরাক উপত্যকায় দুদিনের প্রচার চালানোর পর গোলাঘাট জেলায় নির্বাচনী প্রচারে অংশ নিয়েছেন । কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি প্রবীণ নেতা সর্বানন্দ সনোয়াল আগামীকাল শদিয়া, লক্ষিমপুর ও জোনাইতে নির্বাচনী প্রচার চালাবেন ।

এদিকে বরাক উপত্যকার তিন জেলাতেও নির্বাচনী প্রচার ক্রমে জোরদার হচ্ছে । উপত্যকার বিধায়করা তাদের নিজ নিজ বিধানসভা এলাকায় নির্বাচনী প্রচার চালাচ্ছেন । এছাড়া রাজ্য মন্ত্রীসভার এই উপত্যকার সদস্যরাও নিজ নিজ এলাকা সহ অন্যান্য স্থানে দলীয় প্রার্থীদের হয়ে প্রচারে অংশ নিচ্ছেন । কাছাড়, শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায় বিজেপি, কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, অসম গণপরিষদ, এস ইউ সি আই(সি) সহ নির্দল প্রার্থীরা গ্রাম পঞ্চায়েত সদস্য, আঞ্চলিক পঞ্চায়েত সদস্য এবং জেলা পরিষদ সদস্য পদের নির্বাচনে জয়লাভের জন্য তাদের প্রচার জোরদার করছেন ।

---

রেশন কার্ড থাকা পরিবারের ছাত্র ছাত্রীরা এখন থেকে আয়ের প্রমাণপত্র ছাড়া কলেজে বিনামূল্যে নামভর্তি করতে পারবে বলে মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ঘোষনা করেছেন । গতকাল ধেমাজি ও ডিগবয়ে মিত্রজোটের প্রার্থীর হয়ে পঞ্চায়েত নির্বাচনে প্রচার চালানোর সময় মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা একথা ঘোষনা করেন ।এ সম্পর্কে শীঘ্র বিজ্ঞপ্তি জারি করতে মুখ্যমন্ত্রী শিক্ষামন্ত্রী রণোজ পেগুকে আহ্বান জানিয়েছেন । তিনি বলেন যে ছাত্র ছাত্রীদের এখন থেকে কলেজে নামভর্তির জন্য গাঁওপ্রধান , মৌজাদার অথবা চক্র আধিকারিকের থেকে আয়ের প্রমাণপত্র নিতে হবে না । এর পরিবর্তে ছাত্র

ছাত্রীরা কলেজের অধ্যক্ষকে রেশন কার্ড দেখালেই বিনামূল্যে নামভর্তির ব্যবস্থা করে দেওয়া হবে বলে মূখ্যমন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব ধরিত্রী দিবস । জলবায়ু পরিবর্তন , প্রদূষণ , বনাঞ্চল ধ্বংস ও জৈব বৈচিত্রের ক্ষতির মতো পরিবেশের সঙ্গে জড়িত সমস্যাগুলির বিষয়ে সচেতনতা বৃদ্ধি করার উদ্দেশ্যে প্রতি বছর বিশ্ব ধরিত্রী দিবস পালন করা হয় ।১৯৬৯ সালে ইউনেস্কো সম্মেলনে গৃহীত পরামর্শ অনুসারে ১৯৭০ সাল থেকে আজকের দিনটিতে এই দিবস পালন করা হচ্ছে । এই দিনটি বিশ্বে মানব জাতির সামগ্রিক প্রভাবের বিষয়ে চিন্তা ভাবনা করা সহ ইতিবাচক পরিবর্তন সাধনের জন্য চিন্তা ভাবনা করার দিন হিসেবে গণ্য করা হয় । এবার বিশ্ব ধরিত্রী দিবসের বিষয়বস্তু হচ্ছে আমার শক্তি , আমার গ্রহ । বিশ্ব ধরিত্রী দিবস উদযাপনের ৫৫ বছর পূর্তি উপলক্ষ্যে আজ বিশ্বের ১৯২ টি দেশের জনসাধারণ বিভিন্ন কার্যসূচীতে অংশ নিয়েছেন ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ বিশ্ব ধরিত্রী দিবস উপলক্ষ্যে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন । শ্রী শাহ এক বার্তায় বলেন যে ধরিত্রী একটি জীবন সৃষ্টি করে জীবকূলের বৃদ্ধি ও ক্রমাগত বিকাশের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি তন্ত্রকে লালন পালন করে । এরজন্য প্রত্যেক ব্যাক্তিকে পৃথিবীর সুরক্ষার ক্ষেত্রে গুরুত্ব আরোপ করতে হবে বলে কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন ।

এই দিবস উপলক্ষ্যে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া সুন্দর পৃথিবীর সুরক্ষার জন্য কাজ করে যাবার সংকল্প গ্রহণ করতে  রাজ্যের জনসাধারণকে সামাজিক মাধ্যম এক্সের মাধ্যমে আহ্বান জানিয়েছেন। বরাক উপত্যকার তিনজেলায় আজ বিভিন্ন কার্যসূচির মাধ্যমে এই দিবস পালন করা হয়েছে।

---------------------------------------------------------------------------------------

এক দেশ এক নির্বাচন সম্পর্কে আজ সংসদের যুগ্ম সমিতির এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । রাজ্যসভার ১২ জন সদস্য এবং লোকসভার ২৭ জন সদস্যকে নিয়ে মোট ৩৯ জনের এই সমিতি গঠন করা হয়েছে । বৈঠকে আইন কমিশনের অধ্যক্ষ এবং সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি ড. বি এস চৌহান তথা সুপ্রীম কোর্টের প্রাক্তন বিচারপতি হেমন্ত গুপ্তার সঙ্গে আলোচনা অনুষ্ঠিত হয়েছে । যৌথ কমিশনের অধ্যক্ষ পি পি চৌধুরী নতুনদিল্লীতে সংবাদমাধ্যমকে জানান যে এক দেশ এক নির্বাচনের মাধ্যমে দেশের অর্থনীতি উপকৃত হবে । ঘন ঘন নির্বাচন অনুষ্ঠিত করার মাধ্যমে শিক্ষা ব্যবস্থা তথা শিক্ষার্থী এবং শিক্ষকদের ওপর প্রতিকূল প্রভাব পরিলক্ষিত হয় বলে উল্লেখ করে

তিনি বলেন যে এই ব্যবস্থায় অনেক সামগ্রী সরবরাহ , নির্বাচন কমিশনের বিভিন্ন আধিকারিক নিয়োগ তথা আধা সামরিক বাহিনী মোতায়েনের প্রয়োজন হয় ।

---------------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার উত্তর কাছাড় স্বায়ত্ত শাসিত পরিষদের মূখ্য কার্য্যবাহী সদস্য দেবলাল গারলোসা গতকাল হাফলং-এ ডিমাসা সাহিত্য সভার কার্যালয় হিসেবে নির্মীয়মান সনারাম থাওসেন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । আমাদের হাফলং এর সংবাদদাতা জানিয়েছেন যে বিশেষ প্যাকেজের আওতায় ৫ কোটী টাকা ব্যয় করে এই ভবন নির্মান করা হবে । এই ভবনে সাহিত্য সভার কার্য্যলয় , সভাকক্ষ , গ্রন্থাগার সহ অতিথিশালা থাকবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য সাফাই কর্মচারী কমিশনের সভাপতি বাইজনাথ বাশফোর-এর নেতৃত্বে তিন সদস্যের প্রতিনিধি দল আগামী শনিবার হাইলাকান্দি আসছেন । প্রতিনিধি দলটি আগামী শনিবার সকাল ১০টায় জেলার বেসরকারী নার্সিংহোমে কর্মরত সাফাই কর্মী এবং সকাল ১১টায় শিক্ষা প্রতিষ্টানগুলিতে কর্মরত সাফাই কর্মীদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন । এছাড়া কমিশন বেলা ১২টায় নির্মান শিল্পে কর্মরত কর্মীদের সঙ্গে দেখা করে বেলা দুটোয় সাফাই কলোনী পরিদর্শন করবেন । কমিশনের সদস্যরা বেলা তিনটায় প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে বৈঠকে মিলিত হয়ে শ্রীভূমি চলে যাবেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার আসন্ন পঞ্চায়েত নির্বাচনে ভোট গ্রহনের দিন অর্থাৎ আগামী দোসরা মে হাইলাকান্দি জেলায় এন আই এক্টের অধীনে ছুটি ঘোষনা করেছে । এদিন কেন্দ্র ও রাজ্য সরকারের সব কার্য্যলয় সহ শিক্ষা প্রতিষ্ঠান , বানিজ্যিক প্রতিষ্ঠান , ব্যাঙ্ক , চা বাগান বন্ধ থাকবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় সন্ত্রাসবাদী কার্য্যকলাপের সম্ভাব্য আশংকা এবং সীমান্তবর্তী এলাকা দিয়ে অবৈধভাবে পণ্য ও গবাদি পশু পাচার প্রতিরোধে জেলা ম্যাজিষ্ট্রেট ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতার ১৬৩ ধারার অধীনে বেশ কিছু নিষেধাজ্ঞা জারী করেছেন । নিষেধাজ্ঞায় বলা হয়েছে যে কাছাড় জেলার ভারত-বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তের এক কিলোমিটারের মধ্যে কোন ব্যাক্তি সূর্য্যাস্ত থেকে সূর্য্যদয়ের মধ্যে চলাচল করতে পারবে না । এছাড়া সুরমা নদীতে মাছ ধরার আগে কাটিগড়ার চক্র আধিকারীক থেকে আগাম

অনুমতি নিতে বলা হয়েছে । এই নিষেধাজ্ঞা কেন্দ্র ও রাজ্য সরকারের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে আগামী পয়লা মে করিমগঞ্জ কলেজের খেলার মাঠে ২৪টি কাউন্টারের মাধ্যমে ব্যালট বক্স ও অন্যান্য ভোট সামগ্রী ভোট কর্মীদের মধ্যে প্রদান করা হবে । পাশাপাশি দোসরা মে ভোট গ্রহনের পর ওই একই স্থানে ব্যালট বক্স ও ভোটের সামগ্রীগুলি সংগ্রহ করে স্ট্রং রুমে রাখা হবে । এর জন্য প্রতিটি কাউন্টারে দায়িত্বপ্রাপ্ত আধিকারীক ও প্রয়োজনীয় কর্মী নিয়োগ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলায় জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে মে মাসের প্রধানমন্ত্রী গরীব কল্যান অন্ন যোজনার বিনামূল্যের চাল বরাদ্দ করা হয়েছে । জেলার খাদ্য ও গন বন্টন বিভাগ থেকে এই চাল অন্ত্যোদয় অন্ন যোজনার হিতাধিকারীদের রেশন কার্ড পিছু ৩৫ কিলোগ্রাম এবং প্রায়োরিটি হাউস হোল্ড রেশন কার্ডধারীদের মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে বিনামূল্যে বন্টন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

এদিকে হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জেলায় খাদ্য সুরক্ষার মে মাসের চাল বরাদ্দ করা হয়েছে বলে জানিয়েছেন । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে অন্ত্যোদয় অন্ন যোজনার কার্ডধারীদের জন্য ৩৫ কিলোগ্রাম করে চাল ও প্রায়োরিটি হাউস হোল্ড এর জন্য মাথাপিছু পাঁচ কিলোগ্রাম করে চা বন্টন করা হবে ।

---------------------------------------------------------------------------------